দৈনিক ইনকিলাব

তাং ১৮ DEC 1988
পৃষ্ঠা ২ কলাম ।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউট
## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
# ভর্তির বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটের ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য অত্র ইনস্টিটিউটের পরিচালকের দপ্তর হইতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত প্রতিটি প্রাথমিক ভর্তি ফরমের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা মাত্র প্রদান সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

## ভর্তির ন্যূনতম যোগ্যতা

১। যে সকল ছাত্র-ছাত্রী বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড হইতে মাধ্যমিক (এসএসসি পরীক্ষা) ও ১৯৮৭ বা ১৯৮৮ সালে বিজ্ঞান/কৃষি বিজ্ঞান গ্রুপ হইতে রসায়ন ও জীব বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক (এইচএসসি পরীক্ষা) অথবা ইহাদের সমতুল্য হিসাবে অনুমোদিত পরীক্ষাসমূহের কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং উচ্চ মাধ্যমিক বা ইহার সমতুল্য হিসাবে অনুমোদিত পরীক্ষায় জীব বিজ্ঞান বিষয়ে কমপক্ষে শতকরা ৪৫ নম্বর পাইয়াছে, কেবল তাহারাই ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে নির্ধারিত আসনে ভর্তিরযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২। যে সকল উপজাতীয় ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক বা ইহার সমতুল্য হিসাবে অনুমোদিত পরীক্ষায় রসায়ন ও জীব বিজ্ঞানসহ পাস করিয়াছে কেবলমাত্র তাহারাই ভর্তি পরীক্ষায় পাস সাপেক্ষে নির্ধারিত আসনে ভর্তিরযোগ্য বলিয়া গণ্য হইবে।

## ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী

৩। ভর্তি পরীক্ষার আবেদনপত্র নেওয়ার সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বর ফর্দসমূহ, সার্টিফিকেট ও প্রশংসাপত্রসমূহ অবশ্যই দেখাইতে হইবে।

(ক) ডাকযোগে কোন ভর্তি ফরম বিক্রয় বা সরবরাহ করা হইবে না।

(খ) ভর্তি পরীক্ষার আবেদনপত্র সরবরাহের তারিখঃ ১৭-১২-৮৮ ইং হইতে ৮-১-৮৯ ইং পর্যন্ত।

(গ) ভর্তি পরীক্ষার আবেদনপত্র পরিচালকের দপ্তরে জমা দেওয়ার শেষ তারিখঃ ৮-১-৮৯ ইং বেলা ১-৩০ মিঃ পর্যন্ত।

(ঘ) লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখঃ ১১-১-৮৯ ইং রোজ বুধবার বেলা ২ ঘটিকা হইতে।

ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী পরিচালকের কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

ডঃ মোঃ আবদুল কাদের,
পরিচালক,
সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউট,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

পি— /৮৮